

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ১৩ মে, ২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৩/০৫/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ সোমবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব জিনিয়া জিন্নাত এর নেতৃত্বে, অন ফায়ার ও চিলিস দুটি রেস্টুরেন্টে মোহাম্মদপুর, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।


অভিযানের শুরুতে অন ফায়ার- নামক রেস্টুরেন্টটির রান্নাঘর পরিদর্শন করা হয়। সেখানে সামান্য কিছু ত্রুটি পাওয়া যায়। উক্ত রেস্টুরেন্টের ট্রেড লাইসেন্স, প্রিমিসেস লাইসেন্স, ফায়ার লাইসেন্স, খাদ্যকর্মীদের স্বাস্থ্য সনদসহ যাবতীয় প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন করে।

অতঃপর 'চিলিস'- নামক রেস্টুরেন্টের রান্নাঘর পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে উক্ত রান্নাঘরে অল্প কিছু আমদানিকারকের তথ্যবিহীন খাদ্যদ্রব্য পাওয়া যায়। তবে খাদ্যপণ্যগুলোর যাবতীয় ক্রয়-ভাউচার প্রদর্শন করতে পারেন।

অভিযান পরিচালনাকালে উক্ত দুটি রেস্টুরেন্টকে ১০ কার্যদিবসের মধ্যে যাবতীয় ব্যত্যয় এর সমাধানের জন্য মুচলেকা নেয়া হয়।

অভিযান পরিচালনাকালে "অন ফায়ার" ও "চিলিস" রেস্টুরেন্ট কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মীর মাসুম আলী, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



(মোঃ আখতার মামুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিভরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।